JUN. 24 2002

দৈনিক জনকণ্ঠ

তারিখ ...............................
পৃষ্ঠা ...৪... কলাম ...৭......

# নাটোরে বিভিন্ন প্রতিষ্ঠানের নামে বরাদ্দ অর্থ ফেরত যাচ্ছে!

**নাটোর, ২৩ জুন, নিজস্ব সংবাদদাতা** ॥ জেলা হিসাবরক্ষণ অফিসের অসহযোগিতায় বিভিন্ন মন্ত্রণালয় হতে নাটোরের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান, সাংস্কৃতিক সংগঠন ও ক্লাবের নামে বরাদ্দকৃত অনুদানের অর্থ ফেরত যাচ্ছে।

জেলা প্রশাসন অফিস সূত্রে জানা গেছে, সংস্কৃতি মন্ত্রণালয় হতে বরাদ্দকৃত ভোলামন বাউল সংগঠন, লোকসঙ্গীত সংস্থা, সাঁকাম, নাটোর সঙ্গীত বিদ্যালয় ও নৃত্যাঙ্গন এবং যুব ও ক্রীড়া মন্ত্রণালয় হতে বরাদ্দকৃত মোমিনপুর কলেজসহ প্রায় ২০টি প্রতিষ্ঠানের অনুদান ফেরত যাচ্ছে। এসব সংগঠনের কর্মকর্তারা জানান, ১২ জুনের মধ্যে জেলা হিসাবরক্ষণ অফিসে অনুদানের অনুকূলে বিল জমা না দেয়ায় তাঁরা টাকা তুলতে পারেননি। হিসাবরক্ষণ অফিস থেকে বলা হয়েছে, অর্থ মন্ত্রণালয়ের নির্দেশ ছাড়া এখন আর টাকা ছাড় দেয়া সম্ভব নয়।